



পিপলস ওরিয়েন্টেড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন (পিপি) কর্তৃক বাস্তবায়িত PKSF এর অর্থায়নে Pathways to Prosperity for Extremely Poor People (PPEPP) প্রকল্পের আওতায় কিশোরগঞ্জ জেলার ইটনা উপজেলায় প্রত্যন্ত গ্রামে/ইউনিয়নে কার্যক্রম বাস্তবায়নের নিমিত্তে আগ্রহী প্রার্থীদের নিকট থেকে নিম্নলিখিত পদসমূহের জন্য দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। এটি একটি পাইলট প্রকল্প হিসাবে ৭ মাসের জন্য শুরু হবে, তবে পরবর্তীতে আরো ৫ বছরের জন্য মেয়াদ বৃদ্ধির সম্ভাবনা রয়েছে।

### পদের নামঃ টেকনিক্যাল অফিসার-লাইভলিহুড

শিক্ষাগত যোগ্যতা : যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কৃষি/পশুপালন/ভেটেরিনারী/মৎসবিজ্ঞান বিষয়ে ন্যূনতম বি.এস.সি. ডিগ্রীধারী হতে হবে। উক্ত বিষয়সমূহে স্নাতকোত্তর ডিগ্রীধারীদের অগ্রাধিকার দেওয়া হবে।

বেতন : ৩৮,০০০/- টাকা। এছাড়াও প্রকল্প নির্ধারিত অন্যান্য সুযোগ সুবিধা।

কর্মস্থল : কিশোরগঞ্জ জেলার ইটনা উপজেলা।

অভিজ্ঞতা : মাঠ পর্যায়ে কৃষি বিষয়ক আয়বর্ধণমূলক কাজ বাস্তবায়নে ৩ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। পিকেএসএফ এর প্রকল্পে অতীতে কাজ করেছে এমন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।

বয়স : সর্বোচ্চ ৩৫ বছর। যোগ্যতর প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য।

### দায়িত্ব ও কর্তব্যঃ

- নির্বাচিত কর্মএলাকায় প্রকল্পের লক্ষ্যিত জনগোষ্ঠী নির্বাচনে সহায়তা করা।
- প্রকল্প বাস্তবায়নে কর্মপরিকল্পনা প্রণয়ন এবং বাস্তবায়ন করা।
- প্রশিক্ষণ প্রদানের জন্য সদস্য ও দক্ষ প্রশিক্ষক নির্বাচনের পাশাপাশি প্রশিক্ষণ আয়োজনে সহকারী টেকনিক্যাল অফিসার-লাইভলিহুড কে দিক নির্দেশনা প্রদান করা।
- প্রশিক্ষণ প্রাপ্ত উপকারভোগীদের প্রশিক্ষণ পরবর্তী নিয়মিত ইস্যুভিত্তিক পরামর্শ প্রদান করা।
- পরিকল্পনা মাফিক ইস্যুভিত্তিক সভা আয়োজন এবং সংশ্লিষ্ট এলাকায় ভ্যাকসিনেশন/ডিওয়ামির্ং বা অন্যান্য ক্যাম্প আয়োজন।
- আইজি-এর বাস্তবায়নে সংশ্লিষ্ট সরকারি এবং বেসরকারি অফিসের সাথে সংযোগ স্থাপন করা এবং সদস্যদের কৃষি/প্রাণি/মৎস সম্পদের রোগবালাই এবং ব্যবস্থাপনার সংক্রান্ত সমস্যা সমাধানকল্পে প্রয়োজনীয় পরামর্শ গ্রহণে উপকারভোগীদের উদ্বুদ্ধ করা।
- প্রকল্পের বিভিন্ন ধরনের সভা সেমিনারে অংশগ্রহণ করা।

### অন্যান্য শর্তাবলীঃ

- অতিদুর্গম, হাওর ও চরাঞ্চলে এলাকায় কাজ করার মানসিকতা থাকতে হবে।
- দলে কাজ করার মানসিকতা ও অভিজ্ঞতা থাকতে হবে।
- কম্পিউটারের পারদর্শী হতে হবে।
- মোটরসাইকেল চালানোয় পারদর্শী হতে হবে।

আগ্রহী প্রার্থীদেরকে জাতীয় পরিচয়পত্রসহ যাবতীয় সনদপত্রের সত্যায়িত ফটোকপি, ২ কপি রজিন ছবি, দুইজন পরিচয় প্রদানকারী ব্যক্তির নাম, ঠিকানা, পেশা, পদবী, মোবাইল নম্বর এবং আবেদনকারীর পূর্ণাঙ্গ জীবনবৃত্তান্ত মোবাইলনম্বরসহ আবেদনপত্র আগামী ২৭/০৮/২০১৯ইং তারিখের মধ্যে উপ-পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন), পিপলস ওরিয়েন্টেড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন (পিপি), ৫/১১-এ, ব্লক-ই, লালমাটিয়া, ঢাকা-১২০৭ ঠিকানায় ডাকযোগে/কুরিয়ারে/সরাসরি প্রেরণ করতে হবে। অসম্পূর্ণ আবেদন গ্রহণযোগ্য নয়। শুধুমাত্র বাছাইকৃত যোগ্য প্রার্থীদের নিয়োগ পরীক্ষা গ্রহণ করা হবে।

web: [www.popibd.org](http://www.popibd.org)

“নারী-শিশু নির্যাতন ও ঝুঁকিপূর্ণ শিশুশ্রম দমনীয় অপরাধ”

